রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৫ সনের ১৩ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২৭, ২০২৫

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৬৯—২৭৯ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৪০৫—৪৬৩ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৩৩—১৫১ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৪৮৯—৫১২ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ১৫—১৬ |
| **ক্রোড়পত্র—সংখ্যা** | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়**
**ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ**
**ডিএসএল-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৭ ফাল্গুন ১৪৩১/০২ মার্চ ২০২৫

নং **০৭.০০.০০০০.১৪১.৩১.০৪০.১৫.(অংশ-১)-৩৫**—ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ধারা ১০ এর উপ-ধারা (৬) অনুসারে জনাব নাবিল জসিম আহমদ, পিতা: প্রফেসর জসিম উদ্দীন আহমদ, ঠিকানা: বাড়ী: ৭১৪, রোড: ১০, আদাবর, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭-কে ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের মানদন্ড নির্ধারনী বিভাগের নির্বাহী পরিচালক পদে নিয়োগ প্রদান করা হলো। এ নিয়োগের মেয়াদকাল ০২ (দুই) বছর।

০২। ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ধারা ১৪ অনুযায়ী ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের নির্বাহী পরিচালকের পারিশ্রমিক, ভাতা, সুযোগ-সুবিধা বিধি দ্বারা নির্ধারিত হবে। তবে বিধি প্রণীত না হওয়া পর্যন্ত তিনি পারিশ্রমিক বাবদ সরকার কর্তৃক নির্ধারিত বাড়ী ভাড়া ও অন্যান্য সুবিধাসহ সর্বসাকুল্যে মাসিক ২,৫০,০০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা এবং গাড়ি ও ড্রাইভারের সুবিধা প্রাপ্য হবেন।

০৩। অর্থ বিভাগের সাথে পৃথক একটি চুক্তি স্বাক্ষর সম্পাদন সাপেক্ষে এ নিয়োগ কার্যকর হবে।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ প্রার্থীর যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

নং **০৭.০০.০০০০.১৪১.৩১.০৪০.১৫.(অংশ-১)-৩৬**—ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ধারা ১০ এর উপ-ধারা (৬) অনুসারে জনাব ফাতেমা বেগম, পিতা: মোঃ আব্বাস আলী, স্থায়ী ঠিকানা: বাড়ী নং ৬১, ফ্ল্যাট নং-৪০৪ রোড নং : ১২/এ, ধানমন্ডি, ঢাকা-কে ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের প্রয়োগকারী বিভাগের নির্বাহী পরিচালক পদে নিয়োগ প্রদান করা হলো। এ নিয়োগের মেয়াদকাল ০২ (দুই) বছর।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

০২। ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ধারা ১৪ অনুযায়ী ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের নির্বাহী পরিচালকের পারিশ্রমিক, ভাতা, সুযোগ-সুবিধা বিধি দ্বারা নির্ধারিত হবে। তবে বিধি প্রণীত না হওয়া পর্যন্ত তিনি পারিশ্রমিক বাবদ সরকার কর্তৃক নির্ধারিত বাড়ী ভাড়া ও অন্যান্য সুবিধাসহ সর্বসাকুল্যে মাসিক ২,৫০,০০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা এবং গাড়ি ও ড্রাইভারের সুবিধা প্রাপ্য হবেন।

০৩। অর্থ বিভাগের সাথে পৃথক একটি চুক্তি স্বাক্ষর সম্পাদন সাপেক্ষে এ নিয়োগ কার্যকর হবে।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ প্রার্থীর যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার**
সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৭ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ/০২ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০৭৯.২৪.৫৭**—The State Acauisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো :

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে. এল. নম্বর | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ০১ | সিলিমপুর | ১২২ | ১৪০০ | ২ | বগুড়া সদর | বগুড়া |
| ০২ | খরনা | ১৯২ | ২৪৯১ | ৩ | বগুড়া সদর | বগুড়া |
| ০৩ | কাজলগৌরী | ২১৪ | ৮৮৬ | ১ | বগুড়া সদর | বগুড়া |
| ০৪ | চালাপাড়া | ৪৫ | ২৫১৪ | ৩ | ধুনট | বগুড়া |
| ০৫ | পাঁচ থুপি | ৫৭ | ১৫৭৪ | ২ | ধুনট | বগুড়া |
| ০৬ | খোন্দকারটোলা | ১০৩ | ১৪৯০ | ২ | শেরপুর | বগুড়া |
| ০৭ | বসীকোড়া | ৮৬ | ২০০৬ | ২ | আদমদিঘী | বগুড়া |
| ০৮ | বেলভুজা | ১৩৮ | ৯৫৯ | ১ | শিবগঞ্জ | বগুড়া |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবভীনা মনীর চিঠি**

উপসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**পুলিশ-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ/২৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.১৭৮**—যেহেতু, জনাব সুদীপ কুমার চক্রবর্ত্তী, বিপিএম, পিপিএম (বিপি-৭৫০৫১০৫১১১), যুগ্ম পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা গত ২২-০৮-২০২৪ তারিখ হতে যথাযথ কর্তৃপক্ষকে মৌখিক বা লিখিতভাবে অবহিত না করে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছে।

সেহেতু, জনাব সুদীপ কুমার চক্রবর্ত্তী, বিপিএম, পিপিএম- কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২ (চ) বিধি অনুযায়ী ২২-০৮-২০২৪ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্তকালীন তিনি বরিশাল রেঞ্জ ডিআইজির কার্যালয়ে সংযুক্ত থাকবেন এবং বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

নং **৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.১৭৯**—যেহেতু, জনাব এমএম মঈনুল ইসলাম, পিপিএম (বিপি-৮৯১৬১৭৮৩৯৯), অতিরিক্ত পুলিশ সুপার, ২ এপিবিএন, ময়মনসিংহ (সাবেক অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা) এর বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১: হতে ICT-BD Misc, মামলা নং-০৮/২০২৫, তারিখ-২৭ জানুয়ারি, ২০২৫ খ্রি. ধারা আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল আইন-১৯৭৩ এর ৩ সংক্রান্তে গ্রেফতারি পরোয়ানা মূলে গত ২৭-০১-২০২৫ খ্রি. গ্রেফতারপূর্বক হেফাজতে নেন এবং পুলিশ স্কর্টযোগে ডিএমপি, ঢাকায় প্রেরণ করেন।

সেহেতু, জনাব এমএম মঈনুল ইসলাম, পিপিএম- কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সালের ৫৭ নং আইন) এর ৩৯ (২) ধারার বিধান অনুযায়ী ২৭-০১-২০২৫ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্তকালীন তিনি সিলেট রেঞ্জ ডিআইজি'র কার্যালয়ে সংযুক্ত থাকবেন এবং বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

---

তারিখ: ১৭ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ/০২ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.১৮৯**—যেহেতু, জনাব সুভাষ চন্দ্র সাহা (বিপি-৭৩০৩১১৬১৪০), পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (সাবেক পুলিশ সুপার, ফরিদপুর জেলা) এর বিরুদ্ধে বংশাল থানা, ডিএমপি, ঢাকায় রুজুকৃত মামলায় (মামলা নং-৩৭ তারিখ-২৪-১০-২০১৭ খ্রি. ধারা ৪(২) ও ৪(৩), মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২) বর্ণিত কর্মকর্তা গত ২৪-১২-২০১৭ খ্রি. বিজ্ঞ আদালত হতে জামিন গ্রহণ করেন। উক্ত মামলায় গত ১৭-১২-২০২৩ খ্রি. অভিযোগপত্র দাখিল এবং গত ১৬-৭-২০২৪ খ্রি. চার্জ গঠন করা হয়। মহামান্য সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা হতে স্মারক নং ৫৭৩৭০, তারিখ-২৫-৮-২০২৪ খ্রি. স্মারক নং-১১২৩৪, তারিখ-২৭-৮-২০২৪ খ্রি. এবং ফৌজদারী বিবিধ মামলা নং ৪৪১৬৮/২০২৪, তারিখ ২০-৮-২৪ খ্রি. মূলে গত ২০-৮-২০২৪ খ্রি. হতে পরবর্তী ০৬ (ছয়) মাসের জন্য মামলার সকল কার্যক্রম স্থগিতাদেশ প্রদান করলেও তার বিরুদ্ধে দায়েরকৃত মামলাটি ( মামলা নং-৩৭ তারিখ: ২৪-১০-২০১৭ খ্রি. ধারা ৪(২) ও ৪(৩), মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২) বাতিল (Quash) হয়নি।

সেহেতু, জনাব সুভাষ চন্দ্র সাহা (বিপি-৭৩০৩১১৬১৪০)- কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সালের ৫৭ নং আইন) এর ৩৯ (২) ধারার বিধান অনুযায়ী ২৪-১২-২০১৭ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্তকালীন তিনি সিলেট রেঞ্জ ডিআইজি'র কার্যালয়ে সংযুক্ত থাকবেন এবং বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসিমুল গনি**
সিনিয়র সচিব।

---

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ/২৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৭৫/২০২৫/কাস্টমস/৭৩৬**—কাস্টমস আইন, ২০২৩ এবং ধারা ১২ এর উপ ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ডিবিএস Duty Free Shop সোনামসজিদ স্থল শুল্ক স্টেশন, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ (বন্ড লাইসেন্স নং-০১/কাস পিবিডব্লিউ/২০১৫, তারিখ: ২৮-১০-২০১৫ খ্রি.) এর অনুকূলে ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য নিম্নরূপ বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করিল, যথা:

| ক্র. নং | আমদানিকৃত পণ্য | ২০২৪-২৫ অর্থবছরের নির্ধারিত আমদানি প্রাপ্যতার পরিমাণ (মার্কিন ডলার) |
|---|---|---|
| ১. | সিগারেট, সিগার ও টোব্যাকো | ৬২,০০০.০০ (বাষট্টি হাজার) মার্কিন ডলার |
| ২. | কসমেটিক্স ও টয়লেট্রিজ সামগ্রী | ০০.০০ |
| ৩. | কনফেকশনারী, ইলেকট্রনিক্স সামগ্রী, গিফট আইটেম, জুয়েলারী ও নন অ্যালকোহলিক বেভারেজ | ০০.০০ |
| | সর্বমোট | সর্বমোট = ৬২,০০০.০০ (বাষট্টি হাজার) মার্কিন ডলার |

**মোঃ আল আমিন**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**
**ডি-১৮ শাখা**

প্রজ্ঞাপন

তারিখ: ১৮ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ/০৩ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **২৩.০০.০০০০.১৮০.২৭.১৭৭.২২.৮৯**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৭৪৮০ লে. কর্নেল মোঃ শাহ আবুবিন আদম, ইএমই- কে আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট (রুলস) ৯ (এ), আর্মি রেগুলেশন্স (রুলস) ৭৮ (সি), ২৫৩(এ), ২৬১ এবং ২৬৯ (এ) অনুসারে প্রশাসনিক ব্যবস্থার আওতায় বাংলাদেশ সেনাবাহিনীর চাকরি থেকে 'বরখাস্ত' করা হলো।

২। এ আদেশ জারির তারিখ থেকে ১৫ দিনের মধ্যে উক্ত অফিসারের 'বরখাস্ত' কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মাহবুবুর রশীদ**
উপসচিব।

**বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়**
**মানব সম্পদ শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩১/০৪ মার্চ ২০২৫

নং **১১.০০.০০০০.৮০৩.২২.০০১.১২-৯০**—মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক গত ৬ আগস্ট ২০২৪ তারিখ দ্বাদশ জাতীয় সংসদ ভেঙ্গে দেয়ায় জাতীয় স্বার্থে জাতীয় সংসদ ভবনসহ সংসদের সকল প্রকার সম্পত্তি রক্ষণাবেক্ষণ, নিয়ন্ত্রণ এবং সচিবালয়ের প্রশাসনিক ও আর্থিক কাজ সম্পাদনের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩ (১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে মাহামান্য রাষ্ট্রপতি 'জাতীয় সংসদ সচিবালয় (আর্ন্তবর্তীকালীন বিশেষ বিধান) অধ্যাদেশ, ২০২৪ ' জারি করেছেন। উক্ত অধ্যাদেশের ৪(ক) এ প্রদত্ত ক্ষমতাবলে সংসদ সচিবালয়ের প্রশাসনিক ও আর্থিক নীতিনির্ধারণী নথিসমূহ দ্রুত ও সহজে নিস্পত্তির লক্ষ্যে (প্রযোজ্য ক্ষেত্রে সংসদ সচিবালয় কমিশন এর সিদ্ধান্তক্রমে) সংসদ বিষয়ক উপদেষ্টার এখতিয়ারাধীন বিষয়সমূহ নিম্নোক্তভাবে নির্ধারণ করা হয়েছে:

(ক) পদ সৃজন ও বিলুপ্তি:

(খ) কর্মকর্তা ও কর্মচারীদের সংখ্যা নির্ধারণ;

(গ) কর্মকর্তা ও কর্মচারীদের সংখ্যা হ্রাস-বৃদ্ধিকরণ;

(ঘ) বার্ষিক বাজেট প্রণয়ন;

(ঙ) ৩য় ও তদূর্ধ্ব গ্রেডে পদোন্নতি;

(চ) Public Servants (Retirement) Act, ১৯৭৪ (Act, No. XII of ১৯৭৪) এর Section ৯ এর অধীন ব্যবস্থা গ্রহণ; এবং

(ছ) নিয়োগ বিধিমালা সংশোধন।

০২। উপর্যুক্ত নীতিনির্ধারণী কার্যাবলি ব্যতীত অন্যান্য মন্ত্রণালয়ের সচিবগণ যে সকল প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা প্রয়োগ করতে পারেন সচিব, সংসদ সচিবালয় ও অন্তর্বতীকালীন ব্যবস্থার আওতায় উক্ত সকল প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা প্রয়োগ করতে পারবেন।

সংসদ বিষয়ক উপদেষ্টার আদেশক্রমে

নাজমুন নাহার
উপসচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা–৭**

**আদেশ**

তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩১ বঙ্গা./২৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি.

**নং ১০.০০.০০০০.১৩১.১১.০৫৬.১১(১)–১০৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ শফিকুর রহমান, জন্ম তারিখ: ১২-০৬-১৯৯৩ খ্রি. পিতা- মফিজুর রহমান, মাতা- হুমাইরা বেগম, গ্রাম- মাইজ পাড়া, ওয়ার্ড নং-০৫, ডাকঘর- খুটাখালী, উপজেলা- চকরিয়া, জেলা- কক্সবাজার, এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কক্সবাজার জেলার চকরিয়া উপজেলার ১৭ নং খুটাখালী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পরিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাইদুজ্জামান শরীফ**
সিনিয়র সহকারী সচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**
**প্রশাসন শাখা-০২**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ ফাল্গুন ১৪৩১/২৩ ফেব্রুয়ারি ২০২৫

**নং ৪৭.০০.০০০০.০৩২.০৬.০৮৬.১৬.৯০**—নিবন্ধক ও মহাপরিচালক সমবায় অধিদপ্তর-এর প্রস্তাব মোতাবেক কোতয়ালী থানা সেন্ট্রাল কো-অপারেটিভ এসোসিয়েশন লি. (কেটিসিসি লি.)-এর সদ্য মেয়াদ উত্তীর্ণ অন্তর্বতী ব্যবস্থাপনা কমিটির আংশিক সংশোধন ও ০৬ (ছয়) মাস মেয়াদকাল বৃদ্ধির লক্ষ্যে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩)-এর ৪ ধারায় অব্যাহতি প্রদান করা হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম রাজ্জাক**
সহকারী সচিব।

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**
**ভূমি মন্ত্রণালয়**
**মাঠ প্রশাসন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৮ মাঘ ১৪৩১/১১ ফেব্রুয়ারি ২০২৫

**নং ৩১.০০.০০০০.০৫৬.২৮.০০৭.২৩–২৪**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের সওব্য-৭ শাখার গত ০৬ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৫৬.২৮.০০৯.০৫(খন্ড-১)-৩০ নম্বর স্মারক, অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অধিশাখা-২-এর গত ০৪ এপ্রিল ২০২৪ তারিখের ০৭.১৫২.০১৫.৩১.০০.০০০(ভূমি-৩).২০০৫.৪২৩ নম্বর স্মারক, অর্থ বিভাগের বাস্তবায়ন-১ অধিশাখা এর ৩০ জুন ২০২৪ তারিখের ০৭.০০. ০০০০.১৬১.৩১.০০৬.১২.১১১ এবং মন্ত্রিপরিষদ বিভাগের গত ২৬ নভেম্বর ২০২৪ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০০৯.২৪.১৯৪ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে ০৯ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ/২৪ নভেম্বর ২০২৪ তারিখ অনুষ্ঠিত প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ২০২৪-২০২৫ অর্থ বছরের ২য় সভার সিদ্ধান্ত অনুযায়ী কুমিল্লা জেলার লালমাই ও হবিগঞ্জ জেলার শায়েস্তাগঞ্জ উপজেলা ভূমি অফিস এবং মহানগর রাজস্ব সার্কেল ভূমি অফিস, রংপুর কার্যালয়ের ০১(এক)টি ০৩(তিন)টি গাড়িচালকের পদ রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজনের প্রেক্ষিতে আগামী ৩১-০৫-২০২৫ তারিখ পর্যন্ত নিম্নের ছকে বর্ণিত পদসমূহের অনুকূলে শর্তসাপেক্ষে নির্দেশিত হয়ে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

| ক্রম | পদের নাম | পদ সংখ্যা | বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারিত বেতনস্কেল (জাঃবেঃস্কেঃ-২০১৫) | নিয়োগের যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০৭ | গাড়িচালক | ০৩(তিন)-টি | ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা-২০২১ এর তফসিল-৩ এর ক্রমিক ১১ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| | সর্বমোট= | ০৩(তিন)-টি | | |

২। উল্লিখিত পদগুলোর বেতন ও ভাতা ২০২৪-২০২৫ অর্থবছরের বাজেট হতে নির্বাহ করা হবে।

৩। এতে ভূমি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় উপদেষ্টার সদয় সম্মতি রয়েছে।

৪। সকল আনুষ্ঠানিকতা পালনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সরকারি আদেশ (জি.ও) জারি করা হলো।

**মোহাম্মদ সামছুল হক**
উপসচিব।

---

**জরিপ-২শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ৭ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ/২০ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৭৬.২৪.৫৩**—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাটির স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো:

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ০১ | কোরালতলী | ২৮ | ২৮৪২ | ০৮ | ভেদরগঞ্জ | শরীয়তপুর |

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০০৯.২১.৫৫**—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো:

| ক্রমিক নং | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ভরন্ডা | ৫৩ | ১৩৯ | ০১ | কাহারোল | দিনাজপুর |
| ০২ | বারপাটিয়া | ১৩৭ | ১৪০ | ০১ | কাহারোল | দিনাজপুর |
| ০৩ | উত্তর দেবীপুর | ২৫ | ৩২১ | ০১ | ঘোড়াঘাট | দিনাজপুর |

| ক্রমিক নং | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ০৪ | গুয়াগাছি | ৪২ | ১৬৮ | ০১ | ঘোড়াঘাট | দিনাজপুর |
| ০৫ | চেচুঁড়া | ৮৮ | ২৩০ | ০১ | ঘোড়াঘাট | দিনাজপুর |
| ০৬ | ঘুগুড়া | ১০৮ | ৩৪৮ | ০১ | ঘোড়াঘাট | দিনাজপুর |
| ০৭ | চৌখন্ডি | ১১৩ | ৪৮৫ | ০১ | ঘোড়াঘাট | দিনাজপুর |
| ০৮ | মগলিশপুর | ৫১ | ৬৫৩ | ০১ | ঘোড়াঘাট | দিনাজপুর |
| ০৯ | কশিগাড়ী | ৫৭ | ৫১৫ | ০১ | ঘোড়াঘাট | দিনাজপুর |
| ১০ | পাটশাঁও | ৯২ | ৩১৩ | ০১ | ঘোড়াঘাট | দিনাজপুর |
| ১১ | জালালপুর | ১০৭ | ৩৭০ | ০১ | ঘোড়াঘাট | দিনাজপুর |
| ১২ | হাটপাড়া | ১০৩ | ১৫০ | ০১ | ঘোড়াঘাট | দিনাজপুর |
| ১৩ | নন্দীগ্রাম | ১৫২ | ৫২০ | ০১ | ফুলবাড়ী | দিনাজপুর |
| ১৪ | চক্ এনায়েতপুর | ১৬১ | ৪০২ | ০১ | ফুলবাড়ী | দিনাজপুর |
| ১৫ | বেতদিঘি | ১৪৫ | ৫৩৪ | ০১ | ফুলবাড়ী | দিনাজপুর |
| ১৬ | পিকপাড়া | ১৮০ | ১২৭ | ০১ | বীরগঞ্জ | দিনাজপুর |
| ১৭ | নাগরী সাগরী আরজী | ১২৩ | ৯৬ | ০১ | বীরগঞ্জ | দিনাজপুর |
| ১৮ | গোপালপুর | ৫০ | ২৩৪ | ০১ | বীরগঞ্জ | দিনাজপুর |
| ১৯ | রাজবল্লভপুর | ১২২ | ১৪৫ | ০১ | চিরিরবন্দর | দিনাজপুর |
| ২০ | উত্তর সাজাদপুর | ৮ | ৩৮৭ | ০১ | নবাবগঞ্জ | দিনাজপুর |
| ২১ | আরাজী কৃষ্ণপুর | ১০১ | ৪২৩ | ০১ | ঠাকুরগাঁও সদর | ঠাকুরগাঁও |
| ২২ | শুতলাগড় | ১৪৬ | ৩০৯ | ০১ | ঠাকুরগাঁও সদর | ঠাকুরগাঁও |
| ২৩ | বিশ্বাসপুর | ১৬১ | ৩০৪ | ০১ | ঠাকুরগাঁও সদর | ঠাকুরগাঁও |
| ২৪ | আরাজী মাতৃগাঁও | ১৭১ | ৮৮ | ০১ | ঠাকুরগাঁও সদর | ঠাকুরগাঁও |
| ২৫ | আরাজী দক্ষিণ বটিনা | ২৩ | ২৮৭ | ০১ | ঠাকুরগাঁও সদর | ঠাকুরগাঁও |
| ২৬ | উত্তর আরাজী কৃষ্ণপুর | ৮৮ | ১১৩ | ০১ | ঠাকুরগাঁও সদর | ঠাকুরগাঁও |
| ২৭ | পাহাড়গাঁও | ৫৮ | ৪৫২ | ০১ | হরিপুর | ঠাকুরগাঁও |
| ২৮ | নারগুন | ৩৩ | ৩২৩ | ০১ | হরিপুর | ঠাকুরগাঁও |
| ২৯ | ভেটনা | ৩০ | ৪০৭ | ০১ | হরিপুর | ঠাকুরগাঁও |
| ৩০ | নেকমরদ ফরিদপাড়া | ২১ | ৪৬২ | ০১ | রাণীশংকৈল | ঠাকুরগাঁও |
| ৩১ | গন্ডগ্রাম | ২৮ | ৮৩২ | ০১ | রাণীশংকৈল | ঠাকুরগাঁও |
| ৩২ | সহোদর | ৯৩ | ৪৩৪ | ০১ | রাণীশংকৈল | ঠাকুরগাঁও |
| ৩৩ | আরাজী কিসমত সিন্দাগড় | ৯৮ | ২৯২ | ০১ | রাণীশংকৈল | ঠাকুরগাঁও |
| ৩৪ | চাপড় পার্ব্বতীপুর | ১১৮ | ৫২৮ | ০১ | রাণীশংকৈল | ঠাকুরগাঁও |
| ৩৫ | উষধারী | ৮৪ | ২৫৫ | ০১ | রাণীশংকৈল | ঠাকুরগাঁও |
| ৩৬ | রামপুর | ৮০ | ৪০৩ | ০১ | রাণীশংকৈল | ঠাকুরগাঁও |
| ৩৭ | বেঙ্গাহারী শিকারপুর | ৩২ | ৫০২ | ০১ | পঞ্চগড় সদর | পঞ্চগড় |
| ৩৮ | লাখেরাজ ঘুমটী | ২০ | ৫২৭ | ০১ | পঞ্চগড় সদর | পঞ্চগড় |
| ৩৯ | কিসমত বাগদহ | ৭১ | ১২৬ | ০১ | দেবীগঞ্জ | পঞ্চগড় |
| ৪০ | পামুলী | ২৬ | ১০২২ | ০৩ | দেবীগঞ্জ | পঞ্চগড় |

| ক্রমিক নং | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ৪১ | রহমতপুর | ৩৬ | ২৩২ | ০১ | দেবীগঞ্জ | পঞ্চগড় |
| ৪২ | ছত্র শিকারপুর | ১৩৮ | ৪৭২ | ০১ | বোদা | পঞ্চগড় |
| ৪৩ | মনিরাম জোত হরদেব | ৫৪ | ২৩০ | ০২ | বোদা | পঞ্চগড় |
| ৪৪ | বলহরি বাবদ খারিজা | ৮৭ | ১৫৬ | ০১ | বোদা | পঞ্চগড় |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবভীনা মনীর চিঠি**
উপসচিব।

---

**স্বাস্থ্য পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
**পার-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ মাঘ ১৪৩১/১২ ফেব্রুয়ারি ২০২৫

**নং ৫৯.০০.০০০০.১১০.৯৯.০০৬.২৪.৯২**—পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অধীন 'শহীদ শামসুন নেছা আরজু মনি মা ও শিশু কল্যাণ কেন্দ্র, হাজারীবাগ, ঢাকা'-এর নাম পরিবর্তন করে নিম্নরূপভাবে নামকরণ করা হলো:

| পূর্বের নাম | বর্তমান নাম |
|---|---|
| শহীদ শামসুন নেছা আরজু মনি মা ও শিশু কল্যাণ কেন্দ্র, হাজারীবাগ, ঢাকা | শহিদ রমিজ উদ্দিন মা ও শিশু কল্যাণ কেন্দ্র, হাজারীবাগ, ঢাকা |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ মকবুল হোসেন**
উপসচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**পুলিশ-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৭ ফাল্গুন ১৪৩১/০২ মার্চ ২০২৫

**নং ৪৪.০০.০০০০.০৯৫.১৮.০০২.২৪–৪০**—২০২৫ সালে অসীম সাহসিকতা ও বীরত্বপূর্ণ কাজের স্বীকৃতি স্বরূপ নিম্নবর্ণিত পুলিশ সদস্যকে 'বাংলাদেশ পুলিশ পদক (বিপিএম)' প্রদান করা হলো।

| ক্রমিক নং | নাম, পদবি ও বিপি নাম্বার | কর্মস্থল |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ মেসবাহ উদ্দিন<br>এএসআই (নিরস্ত্র)<br>বিপি-৭৯০০০৮৬৪৬৩ | মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি), ঢাকা |

২। প্রজ্ঞাপন জারির তারিখ হতে এ আদেশ কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তৌছিফ আহমেদ**
সিনিয়র সহকারী সচিব।

## পুলিশ-১ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ১০ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ/২৩ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.১৫৮**—যেহেতু, জনাব বিপ্লব কুমার সরকার, বিপিএম-বার, পিপিএম (বিপি-৭২০৩১২২৫৯৬), সাবেক যুগ্ম পুলিশ কমিশনার (অ্যাডমিন অ্যান্ড গোয়েন্দা-দক্ষিণ),ডিএমপি, ঢাকা গত ০৬-০৮-২০২৪ তারিখ হতে যথাযথ কর্তৃপক্ষকে মৌখিক বা লিখিতভাবে অবহিত না করে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছে।

সেহেতু, জনাব বিপ্লব কুমার সরকার, বিপিএম-বার, পিপিএম-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(চ) বিধি অনুযায়ী ০৬-০৮-২০২৪ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্তকালীন তিনি বরিশাল রেঞ্জ ডিআইজি'র কার্যালয়ে সংযুক্ত থাকবেন এবং বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.১৫৯**—যেহেতু, জনাব এস এম মেহেদি হাসান, বিপিএম-বার, পিপিএম-বার (বিপি-৭২০৩০২৭৮০৮), যুগ্ম পুলিশ কমিশনার (ট্রাফিক দক্ষিণ), ডিএমপি, ঢাকা গত ০৬-০৮-২০২৪ তারিখ হতে যথাযথ কর্তৃপক্ষকে মৌখিক বা লিখিতভাবে অবহিত না করে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছে।

সেহেতু, জনাব এস এম মেহেদি হাসান, বিপিএম-বার, পিপিএম-বার-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(চ) বিধি অনুযায়ী ০৬-০৮-২০২৪ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো।

সাময়িক বরখাস্তকালীন তিনি সিলেট রেঞ্জ ডিআইজি'র কার্যালয়ে সংযুক্ত থাকবেন এবং বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো;

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসিমুল গনি**
সিনিয়র সচিব।

---

## আইন-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩১/২৬ ফেব্রুয়ারি ২০২৫

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২১.২৪–৩১৮**—পুলিশ অধিদপ্তর-এর সুপারিশের প্রেক্ষিতে ডিএমপি গোয়েন্দা শাখার সাধারণ ডায়েরী নং-৬৬০ তারিখ: ১৩-০২-২০২৫ খ্রিঃ দণ্ডবিধি ১৮৬০ এর ১৫৩-ক/২৯৫ক ধারার অপরাধের বিষয়ে আদালতে অভিযোগ দায়েরের লক্ষ্যে তদন্তকারী কর্মকর্তা জনাব মো: হুমায়ুন কবির, উপ-পুলিশ পরিদর্শক (বিপি-৮৫১৭২০৬৯৮৫), কোতয়ালী জোনাল টিম, গোয়েন্দা-লালবাগ বিভাগ, ডিএমপি, ঢাকাকে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক ক্ষমতা প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: মফিজুল ইসলাম**
সহকারী সচিব।

---

## আইন-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩১/০৪ মার্চ ২০২৫

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৯.২৫-৩৪৩**—পুলিশ অধিদপ্তর-এর সুপারিশের প্রেক্ষিতে স্পেশাল ব্রাঞ্চ এর স্মারক নং- পিএ/৬২২, তারিখ: ১৬-০২-২০২৫ খ্রিঃ পেনাল কোডের ১২১/১২১ক/১২৪ক ধারার অপরাধের বিষয়ে আদালতে অভিযোগ দায়েরের লক্ষ্যে তদন্তকারী কর্মকর্তা জনাব মো: এনামুল হক, সহকারী পুলিশ সুপার (বিপি-৬৭৯৩০১০২৩৬), সিআইডি ঢাকাকে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক ক্ষমতা প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: আবদুল হাই**
সিনিয়র সহকারী সচিব।

**প্রশাসন অনুবিভাগ**
**রেলপথ মন্ত্রণালয়**
**প্রশাসন-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩১/২৫ ফেব্রুয়ারি ২০২৫

নং **৫৪.০০.০০০০.০২৩.২৭.০০৪.২৫.৪৪**—যেহেতু, জনাব মোঃ আনসার আলী, উপপরিচালক (টিসি), বাংলাদেশ রেলওয়ে (চলতি দায়িত্ব) [মূলপদঃ ডেপুটি চীফ অপারেটিং সুপারিন্টেনডেন্ট, রাজশাহী]-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে; এবং

০২। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী কর্তৃপক্ষ তাকে চাকরি হতে সাময়িক ভাবে বরখাস্ত করা প্রয়োজন ও সমীচীন মনে করেন;

০৩। সেহেতু, উক্ত বিধিমালার ১২(১) অনুযায়ী মোঃ আনসার আলী, উপপরিচালক (টিসি), বাংলাদেশ রেলওয়ে (চলতি দায়িত্ব) [মূলপদঃ ডেপুটি চীফ অপারেটিং সুপারিন্টেনডেন্ট, রাজশাহী]-কে চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালে তিনি বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ফাহিমুল ইসলাম**
সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**(সরকারি মাধ্যমিক-৩)**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ২৫ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ/১০ মার্চ, ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৩৭০.০০০০.০০.৯২.১৫.০০৪.২৩-২৩৪**—রাজশাহী জেলার পবা উপজেলাধীন 'রাজশাহী পাটকল উচ্চ বিদ্যালয়'টি ১০ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ/২৫ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ হতে **'রাজশাহী সরকারি পাটকল উচ্চ বিদ্যালয়'** নামে সরকারি করা হলো।

২। প্রচলিত বিধি-বিধানের আলোকে এই শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের আত্তীকরণ করা হবে।

৩। আত্তীকৃত শিক্ষক/কর্মচারীর চাকরি বদলিযোগ্য হবে না।

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোছাঃ রেবেকা সুলতানা
উপসচিব।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**বিধি-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ০৯ চৈত্র ১৪৩১/২৩ মার্চ ২০২৫

নং **০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৬.২৩-২৩১**—Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule I of the Rules of Bussiness, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশের ৩৭ নম্বর ক্রমিকের অনুবলে সরকার আসন্ন **পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে ০৩ এপ্রিল ২০২৫ তারিখ বৃহস্পতিবার নির্বাহী আদেশে সরকারি ছুটি ঘোষণা করিল**। ছুটিকালীন সময়ে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত এবং বেসরকারি অফিস বন্ধ থাকিবে।

২। (ক) জরুরি পরিষেবা যেমন-বিদ্যুৎ, পানি, গ্যাস ও অন্যান্য জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের কার্যক্রম, পরিচ্ছন্নতা কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট, ডাক সেবা এবং এ সংশ্লিষ্ট সেবা কাজে নিয়োজিত যানবাহন ও কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।

(খ) হাসপাতাল ও জরুরি সেবা এবং এ সেবার সাথে সংশ্লিষ্ট কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।

(গ) চিকিৎসা সেবায় নিয়োজিত চিকিৎসক ও কর্মীগণ এবং ওষুধসহ চিকিৎসা সরঞ্জামাদি বহনকারী যানবাহন ও কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।

(ঘ) জরুরি কাজের সাথে সম্পৃক্ত অফিসসমূহ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।

৩। ব্যাংকিং কার্যক্রম চালু রাখার বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবে।

৪। আদালতের কার্যক্রমের বিষয়ে মহামান্য সুপ্রিম কোর্ট প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ কামরুজ্জামান**
উপসচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**(সরকারি মাধ্যমিক-৩)**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: **১৭** ফাল্গুন **১৪৩১** বঙ্গাব্দ/০২ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৩৭.০০.০০০০.০৯২.১৫.০১১.২৩.২২৮**—চট্টগ্রাম জেলার পাঁচলাইশ উপজেলাধীন ' আমিন জুট মিলস্ উচ্চ বিদ্যালয়' টি ০২ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ/১৭ ফাল্গুন **১৪৩১** বঙ্গাব্দ হতে **'আমিন জুট মিলস্ সরকারি উচ্চ বিদ্যালয়'** নামে সরকারি করা হলো।

২।প্রচলিত বিধি-বিধানের আলোকে এই শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের আত্তীকরণ করা হবে।

৩।আত্তীকৃত শিক্ষক/কর্মচারীর চাকরি বদলিযোগ্য হবে না।

৪।জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

নং **৩৭.০০.০০০০.০৯২.১৫.০০৭.২৩.২২৯**—খুলনা জেলার খালিশপুর উপজেলাধীন 'ক্রিসেন্ট মাধ্যমিক বিদ্যালয়'টি ০২ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ/১৭ ফাল্গুন **১৪৩১** বঙ্গাব্দ হতে **'ক্রিসেন্ট সরকারি মাধ্যমিক বিদ্যালয়'** নামে সরকারি করা হলো।

২।প্রচলিত বিধি-বিধানের আলোকে এই শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের আত্তীকরণ করা হবে।

৩।আত্তীকৃত শিক্ষক/কর্মচারীর চাকরি বদলিযোগ্য হবে না।

৪।জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোছা: শাম্মী আক্তার**
উপসচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ-২ শাখা**
**প্রজ্ঞাপন**

তারিখ : ৬ চৈত্র **১৪৩১** বঙ্গাব্দ/২০ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০০১.২৪.৬৭**—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো:

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে.এল নম্বর | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ০১ | নারিকেলবাড়ী | ১৮ | ৩৩০৪ | ৪ | উলিপুর | কুড়িগ্রাম |
| ০২ | ঘগোয়া | ৩০ | ১৬৪৮ | ৩ | সুন্দরগঞ্জ | গাইবান্ধা |
| ০৩ | হুড়াভায়াখাঁ | ৪০ | ১৬৭২ | ৩ | সুন্দরগঞ্জ | গাইবান্ধা |
| ০৪ | তালুক বেলকা | ৪৮ | ৮৬৬ | ২ | সুন্দরগঞ্জ | গাইবান্ধা |
| ০৫ | গুয়াবাড়ী | ৮১ | ৮২৯ | ৭ | পীরগাছা | রংপুর |

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে.এল নম্বর | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ০৬ | তালুক ইসাদ | ৮২ | ৩১৬৯ | ৫ | পীরগাছা | রংপুর |
| ০৭ | বড় পানসিয়া | ১১৬ | ৭১৯ | ১ | পীরগাছা | রংপুর |
| ০৮ | আদম | ১৪৯ | ২২৮০ | ৪ | পীরগাছা | রংপুর |
| ০৯ | আকবপুর | ১০৪ | ৮২৯ | ২ | মিঠাপুকুর | রংপুর |
| ১০ | পশ্চিম কাঠালী | ১৭ | ২২৪৩ | ৩ | জলঢাকা | নীলফামারী |
| ১১ | বগুলাগাড়ী | ৪০ | ৪০৭৭ | ৪ | জলঢাকা | নীলফামারী |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবভীনা মনীর চিঠি**
উপসচিব।